: **নিয়োগ বিজ্ঞপ্তি** :

দক্ষিণ দিনাজপুর জেলা আদালত

দক্ষিণ দিনাজপুর জেলা আদালতে, Part time, মাসিক পারিশ্রমিক ভিত্তিতে দুইজন কর্মবন্ধু/সাফাই কর্মী (একজন বালুরঘাট আদালতের জন্য এবং অপরজন বুনিয়াদপুর মহকুমা আদালতের জন্য) নিয়োগ করা হবে।

পদের সংখ্যা : **০২ (দুই)**
(এক জন বালুরঘাট আদালতে এবং এক জন বুনিয়াদপুর মহকুমা আদালতে)

পদের নাম : **কর্মবন্ধু/ সাফাই কর্মী (Part time)**।

পারিশ্রমিক : **মাসিক ৫,০০০**/- (পাঁচ হাজার টাকা মাত্র)

**যোগ্যতা:**
* অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে।
* বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে (বয়স ৩১/০৭/২০২৫ তারিখ অনুযায়ী হিসাব করতে হবে)।
* শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও কর্মঠ হতে হবে।
* সাফাই কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।
* অধিক শিক্ষাগত যোগ্যতার জন্য কোনও অতিরিক্ত সুবিধা/অগ্রাধিকার থাকবে না।
* কোনও নির্দিষ্ট জাতি, উপজাতি বা গোষ্ঠীর জন্য অগ্রাধিকার দেওয়া বা পদ সংরক্ষণ করা হবে না
* প্রার্থীকে ভারতীয় নাগরিক হতে হবে ।
* প্রার্থীর অবশ্যই ভোটার কার্ড এবং আধার কার্ড থাকা বাধ্যতামূলক।
* প্রার্থীর বিরুদ্ধে কোনরূপ ফৌজদারী মামলা বিচারাধীন থাকলে বা কোনরূপ অপরাধের সঙ্গে প্রার্থীর নাম যুক্ত থাকলে আবেদন করতে পারবেন না।
* প্রার্থীর নামে অবশ্যই একটি সক্রিয় ব্যাংক একাউন্ট ( রাষ্ট্রায়ত্ত ব্যাংকে) থাকা বাধ্যতামূলক।
* প্রার্থী কে অবশ্যই অফিসের সময় ও নিয়মানুবর্তিতা পালন করতে হবে।

**নিয়োগের পদ্ধতি:**
1) সমস্ত কাগজপত্র ও নথিপত্র যাচাই ;
2) বাস্তব কাজের নিদর্শন যাচাই ও কর্মদক্ষতার বিশ্লেষণ ;
3) সরাসরি সাক্ষাৎকার ।

**আবশ্যিক কাগজপত্র:**
# সমস্ত আসল নথিপত্র (শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, বয়সের প্রমাণপত্র ইত্যাদি)।
# নথিপত্রের স্ব-প্রত্যয়িত (Self-attested) জেরক্স কপি এক সেট, নিজের বায়োডাটা সহ ।
# সদ্য তোলা দুই কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি (এক কপি বায়ো ডাটায় সংযুক্ত করতে হবে) ।

**সাক্ষাৎকারের স্থান:** জেলা আদালত অফিস, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর

**তারিখ ও সময়:**
সাক্ষাৎকারের বা নিরীক্ষণের নির্দিষ্ট তারিখ ও সময়:- **২৭/০৮/২০২৫ (বুধবার)** সকাল **১১:০০** টা , বালুরঘাট জেলা আদালত অফিস।

**অন্যান্য শর্তাবলী:**

* প্রার্থীদের কোনো TA/DA দেওয়া হবে না।

* প্রার্থীকে নিজ খরচে, নির্দিষ্ট দিনে, নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত নথিপত্র সহ উপস্থিত থাকতে হবে।

* নিয়োগ সম্পূর্ণভাবে আংশিক সময়ের (part time) জন্য মাসিক পারিশ্রমিক ভিত্তিতে নেওয়া হবে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

* বিশেষ কোনও কারণে আদালত কর্তৃপক্ষ মনে করলে সরাসরি সাক্ষাৎকারের তারিখ ও সময় পরিবর্তন করা হতে পারে এবং জেলা আদালতের website এ সেটি জানানো হবে।

* কোনও প্রার্থী যদি কারো সাথে কোনও রূপ আর্থিক লেনদেনে যুক্ত হন তাহলে তার কোনও দায়ভার আদালত কর্তৃপক্ষ নেবে না এবং পরবর্তী কোনও সময়, কোনও ক্ষেত্রে তা প্রকাশিত হলে, প্রার্থীর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে, এক্ষেত্রে প্রার্থীকে নিযুক্ত করা হলেও তার ব্যাতিক্রম হবে না এবং প্রার্থীর তৎক্ষণাৎ প্রার্থী পদ বাতিল করা হবে।

* বাস্তব কাজের নিদর্শন যাচাই করার সময় আদালত কর্তৃপক্ষ প্রার্থীকে শুধুমাত্র শৌচাগার পরিষ্কার করার প্রয়োজনীয় জিনিসপত্র প্রদান করবে।

* নিয়োগ পরবর্তী সময়ে প্রার্থীকে কোনও বোনাস বা অতিরিক্ত কোনও পারিশ্রমিক প্রদান করা হবে না বা সেগুলি পাওয়ার অধিকারীও সে থাকবে না ।

**যোগাযোগ:**

জেলা ও দায়রা আদালত, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর

[প্রয়োজনে স্থানীয় আদালতের অফিস থেকে আরও তথ্য সংগ্রহ করা যেতে পারে]

অনুমত্যানুসারে

মানস বসু

জেলা বিচারক

বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর

District Judge

Dakshin Dinajpur at Balurghat

৩০/০৭/২০২৫